

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েবসাইট : www.dmpi.gov.bd
ই-মেইল: dhakampi1985@gmail.com

স্মারক নং : ৩৭.০৩.২৬৮০.২০১.১৮.১৮-২৫০

তারিখ : ০২/০৪/২০১৮ খ্রিঃ।

জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামোয়(NTVQF)-এর আওতায়
প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামোয় (NTVQF) -এর আওতায় প্রশিক্ষণার্থী ভর্তির জন্য বোর্ড নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	অকুপেশনের নাম	প্রশিক্ষণের মেয়াদ কম-বেশি	প্রশিক্ষণ ফি
০১.	ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা Phone : 02-9114013, মোবাইল : ০১৭১৫৬২৮২১৭, ই-মেইল dhakampi1985@gmail.com	Electrical & Electronics Installation and Maintenance (NTVQF Level-2)	৩৬০ ঘন্টা এবং ২১৬ ঘন্টা ইন্ডাস্ট্রি সংযুক্তি	কানাডা সরকারের অর্থায়নে ও আর্ন্তজাতিক শ্রমসংস্থায় (ILO) এর সহযোগিতায় B-Sep প্রজেক্ট হতে বহন করা হবে।

১.ভর্তি কার্যক্রমের সাধারণ তথ্যাবলি :

আবেদন পত্রের বিতরণ শুরু	আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ	এ্যাপ্টিচুড টেস্ট	নির্বাচিত প্রশিক্ষণার্থীর তালিকা প্রকাশ	প্রশিক্ষণ শুরু
০১-০৪-২০১৮হতে	১৮-০৪-২০১৮ খ্রিঃ	২০-০৪-২০১৮ খ্রিঃ	২২-০৪-২০১৮	২৫-০৪-২০১৮

২. অত্র ইনস্টিটিউটের অকুপেশনে ভর্তির জন্য প্রশিক্ষণার্থীর শিক্ষাগত যোগ্যতা নূন্যতম এসএসসি পাশ বা সমমানের যোগ্যতা অথবা সংশ্লিষ্ট অকুপেশনে ১ বছরের কাজের অভিজ্ঞতা।
৩. উপর্যুক্ত প্রশিক্ষণে পুরুষদের আবেদন করার প্রয়োজন নাই। মেধা ও কোটার ভিত্তিতে প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে।
৪. সকল অকুপেশন প্রতিবন্ধী প্রশিক্ষণার্থীদের জন্য ৫% কোটা সংরক্ষিত থাকবে।
৫. বর্তমানে সরকারী, বেসরকারী ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিতভাবে অধ্যয়নরত শিক্ষার্থীগণ এ প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে না।
৬. প্রশিক্ষণার্থীদের নূন্যতম বয়স ১৬ বছর হতে হবে।
৭. সকল ক্ষেত্রে সরকার নির্ধারিত মুক্তিযোদ্ধা, উপজাতি, আদিবাসি ও প্রতিবন্ধী কোটা অনুসরণ করা হবে।
৮. প্রশিক্ষণ সপ্তাহে ০৬ দিন এবং প্রশিক্ষণের সময় সকাল ৮.০০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত চলবে।
৯. প্রশিক্ষণ শেষে যোগ্য প্রশিক্ষণার্থীদের বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে NTVQF অনুযায়ী সার্টিফিকেট প্রদান করা হবে।
১০. আবেদন ফরম অত্র ইনস্টিটিউটের ক্যাশ শাখা হতে এবং ওয়েবসাইট হতে (www.dmpi.gov.bd) ডাউনলোড করা যাবে।
আবেদন ফরম জমাদানের সময় আবেদন ফি বাবদ অফেরৎযোগ্য ১০০/- (একশত) টাকা জমা দিতে হবে।
১১. আবেদন ফরমের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি, ওয়ার্ড কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত নাগরিকত্ব সনদ জমা দিতে হবে।
১২. প্রতি অকুপেশনে সর্বোচ্চ ২০ জন প্রশিক্ষণার্থী ভর্তি করা যাবে।
১৩. কোর্সটি কম্পিউটিং বেজড ট্রেনিং এন্ড এ্যাসেসমেন্ট পদ্ধতিতে পরিচালিত হবে।

০২/০৪/১৮
(সাহানা বেগম)

উপাধ্যক্ষ
ও অধ্যক্ষ (কটিন দায়িত্ব)
ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

০২/০৪/১৮